মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য গ্রীষ্মকালীন স্পেশাল অলিম্পিক ২০১৫ তে অংশগ্রহণকারীদের জন্য মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় সকল ধরনের ভিসা ফি মউকুফ করেছে।

আপনাকে ভিসা প্রক্রিয়াকরনের জন্য ১৬০ ডলার ফি দিতে হবে না যদি আপনি **গ্রীষ্মকালীন স্পেশাল অলিম্পিক ২০১৫ তে অংশগ্রহণকারী** হন। সেজন্য ফি জমা দেওয়া এবং ভিসা সাক্ষাৎকারের সময় বা তারিখ নির্ধারণের আগে আমরা আপনাকে সবিনয় অনুরোধ করছি, dhakaniv@state.gov এই ইমেইলে আমাদের সঙ্গে যোগাযোগ করার জন্য। আপনার কাছ থেকে পাওয়া ই-মেইল এর তথ্য অনুযায়ী কন্সুলার সেকশন আপনার ভিসা সাক্ষাতকারের সময়সূচী নির্ধারণ করবে।

সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণের আগে, আপনাকে অবশ্যই একটি ডি-এস ১৬০ আবেদন পত্র পূরণ করতে হবে এবং সেটা স্ক্যান করে আমাদেরকে পাঠিয়ে দিতে হবে dhakaniv@state.gov এই-ইমেইল এর মাধ্যমে। এরপর আমরা আপনার ভিসা সাক্ষাৎকারের দিন ও তারিখ ই-মেইল দ্বারা জানিয়ে দিব। আমরা **আবারো আপনাকে বিশেষভাবে বিনীত অনুরোধ** করছি যে, কন্সুলার সেকশন কর্তৃক আপনাকে ভিসা ফি ১৬০ ডলার জমা দিতে না বলা পর্যন্ত আপনি কোন ধরনের কোন ফি জমা দিবেন না, যদি আপনি **গ্রীষ্মকালীন স্পেশাল অলিম্পিক ২০১৫ তে অংশগ্রহণকারী** হন।

নিম্নলিখিত প্রয়োজনীয় দলিলপত্র গুলো সঙ্গে আনতে এবং পেশ করতে হবে কন্সুলার সেকশনে আপনার ভিসা সাক্ষাতকারের দিনঃ

- আপনার পাসপোর্ট যেটা আসল এবং যার মেয়াদ উত্তীর্ণ হয়নি (পাসপোর্ট টির মেয়াদ অবশ্যই আপনার মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকালীন সময়ের চেয়ে কমপক্ষে আরও ছয় মাসের বেশি হতে হবে)।
- ডি-এস আবেদন পত্র সনাক্তকরণের কাগজ (এই ডি-এস ফর্ম টি https://ceac.state.gov/genniv/) এখানে পূরণ করে তা অবশ্যই ইলেক্ট্রনিক উপায়ে জমা (সাবমিট) করতে হবে)।
- একটি রঙিন কিন্তু সাদা পটভূমিতে সদ্য তোলা ছবি (বিগত ছয় মাসের মধ্যে) যার মাপ হতে হবে ২”x ২”। ছবি সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য জানতে এখানে দেখুন। http://www.ustraveldocs.com/bd
- আপনার ভ্রমণ বিষয়ক অন্যান্য যেকোন সাহায্যকারী কাগজপত্র।